



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ১০০/২২

তারিখঃ ০৮ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
২১ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ


প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : এন্টি টেররিজম ইউনিট কর্তৃক “আনসারুল্লাহ বাংলা টিম” এর ০১ (এক) জন সক্রিয় সদস্য গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি চৌকস দল গোপন সংবাদের ভিত্তিতে ২০ এপ্রিল, ২০২২ খ্রিঃ তারিখ ১৫.৫০ ঘটিকার সময় বিশেষ অভিযান পরিচালনা করে রাজধানীর মিরপুর মডেল থানাধীন সনি সিনেমা হলের বিপরীত থেকে “আনসারুল্লাহ বাংলা টিম (এবিটি)” এর একজন সক্রিয় সদস্যকে আটক করেছে। আটককৃত সদস্যের নাম- বুলবুল আহমেদ মনির (২২), পিতা- মো: সাদেক আলী, মাতা- মোছা: মরিয়ম বেগম, গ্রাম- মুরাদপুর, বাগাতিপাড়া পৌরসভা, থানা- বাগাতিপাড়া, জেলা- নাটোর। বর্তমান ঠিকানা- মিরপুর রোড-১, সলিমুদ্দিন মার্কেট, মিরপুর মডেল থানা, ডিএমপি, ঢাকা-১২১৬। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট তার নিকট থেকে উগ্রবাদী কর্মকাণ্ডে ব্যবহৃত ০২ টি অ্যান্ড্রয়েড মোবাইল ফোন এবং ০৩ টি সীম কার্ড জব্দ করেছে।

গ্রেফতারকৃত বুলবুল আহমেদ মনির, ‘আনসারুল্লাহ বাংলা টিম’ এর সক্রিয় সদস্য। সে সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট এর সিভিল ইঞ্জিনিয়ারিং এর ৮ম পর্বের ছাত্র। আসামী তার ফেসবুকসহ বিভিন্ন অনলাইন যোগাযোগ মাধ্যমে ‘আনসারুল্লাহ বাংলা টিম’ এর মতবাদ প্রচারের জন্য উগ্রবাদী বই ও প্রচারপত্র তৈরী করত। সে অনলাইনে তার সহযোগী অন্যান্য আইডি’র সাথে এনক্রিপ্টেড অ্যাপের মাধ্যমে জিহাদের আর্মড কমব্যাট প্রশিক্ষণের ভিডিও এবং জিহাদের ময়দানে শরিক হবার জন্য উদ্বুদ্ধ করার পাশাপাশি দেশ বিরোধী পরিকল্পনা করে আসছিল। তার ফেইসবুক আইডি “Khalid bin Walid” এবং “Ertugrul Gazi M B” এর মাধ্যমে সে বাংলাদেশ সরকার বিরোধী ষড়যন্ত্র, হত্যা, জনমনে দ্রাস ও ভীতি সঞ্চার এবং জননিরাপত্তা বিপন্ন করার লক্ষ্যে পরিকল্পনা, প্রশিক্ষণ ও অস্ত্র সংগ্রহের চেষ্টা চালিয়ে যাচ্ছিল। নিষিদ্ধ ঘোষিত সংগঠন “আনসারুল্লাহ বাংলা টিম” (এবিটি) এর কার্যক্রম পরিচালনার মাধ্যমে সে খিলাফত প্রতিষ্ঠার লক্ষ্যে প্রস্তুতি গ্রহণ করছিল। তার ব্যবহৃত মোবাইল ফোনে বাংলাদেশ সরকার বিরোধী ষড়যন্ত্র সংক্রান্তে বিভিন্ন লিংক পাওয়া গিয়েছে এবং এর মধ্যে খিলাফত প্রতিষ্ঠার লক্ষ্যে বিস্তারিত আলোচনা রয়েছে।

গ্রেফতারকৃত বুলবুল আহমেদ মনির (২২) নিষিদ্ধ ঘোষিত সংগঠনের সদস্য ও সমর্থন, অপরাধ সংঘটনের ষড়যন্ত্র এবং সন্ত্রাসী কর্মকাণ্ডে প্ররোচিত করায় তার বিরুদ্ধে মিরপুর মডেল থানার মামলা নং- ৪৯, তারিখ- ২০/০৪/২০২২ খ্রি. সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৮/৯(৩)/১০/১৩ ধারা মোতাবেক পরবর্তী আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন।



২১/০৪/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: atu.spma@police.gov.bd